বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
সর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৪.২৪.১১৬ তারিখ: ২৭ মে ২০২৫ খ্রি.

সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ্ এন্ড প্রোডাকশন কোর্সে

## ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত সাটিফিকেট কোর্স (০১ বছর মেয়াদি) শিক্ষাক্রমের সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং (১৯) ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ্ এন্ড প্রোডাকশন (২০) কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠানে ২০২৫-২০২৬ সেশনে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. শিক্ষাক্রম পরিচিতি:

ক) এ শিক্ষাক্রমের মেয়াদ হবে ০১ (এক) বছর (২০২৫-২০২৬) এবং এ শিক্ষাক্রম ১ম ও ২য় পর্বে বাস্তবায়ন করা হবে। ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষার পরে শিক্ষার্থীকে সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে ০৬ (ছয়) সপ্তাহ ব্যাপী বাস্তব প্রশিক্ষণ (শিল্প/প্রাতিষ্ঠানিক সংযুক্তি) সম্পন্ন করতে হবে।

খ) সিলেবাসের বিষয়সমূহে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের অনুপাত হবে ৪০:৬০ । প্রতিপর্বে ক্লাস হবে ১৬ সপ্তাহ, প্রতি সপ্তাহে ৩০-৪০ পিরিয়ড এবং এক পিরিয়ডের সময়কাল হবে ৫০ মিনিট।

২. ভর্তির নিয়মাবলি:

ক) ভর্তির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ভর্তি/রেজিস্ট্রেশনের সময় মূল সনদপত্র/মূল নম্বরপত্র জমা দিতে হবে।

খ) প্রতি ট্রেডে আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ) জন, যার মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন ও ড্রপআউট ১০ (দশ) জন। প্রতি ট্রেডে শিক্ষার্থীর সংখ্যা ০৫ (পাঁচ) জনের কম হলে উক্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। চলামান ট্রেডের নামসহ বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে। লিংক: www.bteb.gov.bd ⇨প্রতিষ্ঠানের তালিকা ⇨ এডভান্সড সার্টিফিটেক কোর্স (১ বছর মেয়াদী)।

গ) ভর্তির ক্ষেত্রে বয়স ও পাসের সন শিথিলযোগ্য।

(ঘ) ই-সেবা প্লাটফর্ম (bteb.gov.bd ⇨ ই-সেবা/btebesheba.gov.bd এর মাধ্যমে ০১.০৭.২০২৫ থেকে ১৫.০৮.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি করতে হবে।

৩. রেজিস্ট্রেশনের নিয়মাবলি:

ক) অত্র বোর্ডের রেজিস্ট্রেশন শাখার বিজ্ঞপ্তি মোতাবেক প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।

খ) রেজিস্ট্রেশনের মেয়াদ হবে ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ০২ (দুই) শিক্ষাবর্ষ। এ সময়ের মধ্যে কোন শিক্ষার্থী এ শিক্ষাক্রমে উত্তীর্ণ হতে ব্যর্থ হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে বোর্ড নির্ধারিত সংযোগ রক্ষাকারী ফি (রিটেনশন ফি) প্রদানপূর্বক রেজিস্ট্রেশন শাখা হতে নিবন্ধনের মেয়াদ বৃদ্ধি করে পরের শিক্ষাবর্ষে শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। তবে এ নবায়নের মেয়াদ হবে ০১ (এক) বছর এবং এ সুযোগ শুধুমাত্র একবারই গ্রহণ করা যাবে। উক্ত সময়ের মধ্যে এ সুযোগ গ্রহণ করেও পরীক্ষায় অনুত্তীর্ণ থাকলে সংশ্লিষ্ট শিক্ষার্থী এ নিবন্ধনের আওতায় অধ্যয়ানের আর কোন সুযোগ পাবে না।

গ) ১ম পর্বের কোনো শিক্ষার্থী কাম্য উপস্থিতি অর্জনে ব্যর্থ হওয়ার কারণে অথবা শিক্ষা বিষয়ক পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে ১ম পর্বের বোর্ড সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে উক্ত শিক্ষাথীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) ১ম পর্বের কোনো শিক্ষার্থী বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলেও উক্ত শিক্ষার্থী পরবর্তী শিক্ষাবর্ষের ১ম পর্বের বোর্ড সমাপনী পরীক্ষার জন্য ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে। সেক্ষেত্রে উক্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনঃভর্তি হতে হবে।

ঙ) ফরম পূরণের বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের কমপক্ষে ১০ দিন পূর্বে পুনঃভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪. ভর্তি ও রেজিস্ট্রেশন ফি:

শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ৩৩৫.০০ (তিনশত পঁয়ত্রিশ মাত্র) টাকা।

৫. মূল্যায়ন প্রক্রিয়া:

মূল্যায়ন প্রক্রিয়া ও পর্বের গুরুত্ব, পর্ব সমাপনী/ চূড়ান্ত ও ধারাবাহিক মূল্যায়নের নিয়মাবলি সম্পর্কে সার্টিফিকেট কোর্স (০১ বছর মেয়াদি) এর "প্রবিধান ২০২৪" থেকে বিস্তারিত জানা যাবে।

27.05.25

(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক (কারিকুলাম)
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: bteb.director@gmail.com

পরিচালক/অধ্যক্ষ
সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি)
শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ।

তারিখ: ২৭ মে ২০২৫ খ্রি.

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৪.২৪.১১৬(৯)
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৫. উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংরক্ষণ নথি।

২৭/০৫/২০২৫

(মোঃ মাছুম বিল্লাল সরদার)
কারিকুলাম বিশেষজ্ঞ (অঃ দাঃ)
মোবাঃ ০১৭৯৩২৬৩৬৫১
ইমেইল: shortcourse128.bteb@gmail.com